

তুষারপাতের কারণে যুক্তরাষ্ট্রে ফেডারেল দপ্তর বন্ধ ঘোষণা

রাস্তায় ২০ থেকে ৩৮ ইঞ্চি পুরু বরফ : ঘর থেকে না বেরনোর পরামর্শ

ইনকিলাব ডেস্ক

যুক্তরাষ্ট্রে প্রচণ্ড তুষারপাতের কারণে ওয়াশিংটনে সোমবার ফেডারেল সরকারের দপ্তরগুলো বন্ধ ঘোষণা করা হয়। বেশিরভাগ স্কুল বন্ধ রাখা হয়। কর্তৃপক্ষ লোকজনকে এই দুর্ঘটনায় ঘর থেকে না বেরনোর পরামর্শ দিয়েছে। দেশটির ওয়েস্ট ভার্জিনিয়া অঙ্গরাজ্য থেকে নিউ জার্সি পর্যন্ত এলাকায় প্রচণ্ড তুষারপাতে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। বেশিরভাগ এলাকা বিদ্যুৎবিহীন অবস্থায় রয়েছে। পুলিশ বলেছে, তুষারপাত জনিত দুর্ঘটনায় ভার্জিনিয়ায় দুজনের মৃত্যু হয়েছে। ওয়াশিংটন থেকে নিউইয়র্ক পর্যন্ত মধ্য-আটলান্টিক এলাকা তুষারের আচ্ছাদনে ঢাকা পড়েছে। কোথাও কোথাও ২০ থেকে ৩৮ ইঞ্চি পর্যন্ত পুরু বরফের আস্তরণ পড়েছে। ওয়াশিংটনের অনেক এলাকায় দুই ফুট পর্যন্ত পুরু বরফ জমে গেছে। সেখানে রাস্তা থেকে বরফ সরানোর চেষ্টা চলছে। শত শত ট্রাক রাস্তা থেকে বরফ সরানোর কাজে নেমে পড়েছে। এদিকে আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, মঙ্গলবার নতুন করে আরও একটি তুষারঝড় আঘাত হানতে পারে। কয়েক দশকের মধ্যে ওয়াশিংটনে এ ধরনের তুষার ঝড়ের নজির নেই। ওয়াশিংটনের মেয়র অ্যাড্রিয়ান ফেনটি স্থানীয় টেলিভিশনে বলেছেন, এতো তুষারপাত ঘটেছে যে আমাদের অনেকেই এরকম তুষারপাত সারা জীবনে দেখেননি। যুক্তরাষ্ট্র সরকারের অফিস অব দি পার্সোনেল ম্যানেজমেন্ট রোববার এক ঘোষণায় জানায়, ওয়াশিংটন এলাকায় ফেডারেল এজেন্সিগুলো সোমবার বন্ধ থাকবে। কেবল জরুরি সেবা বিভাগের কর্মকর্তা ও কর্মীরা কাজে যোগ দেবেন। স্থানীয় টেলিভিশনের খবরে বলা হয়, ওয়াশিংটন এলাকায় এক লাখেরও বেশি বাড়ি-ঘর বিদ্যুৎবিহীন রয়েছে। পেপকো বিদ্যুৎ কোম্পানির কর্মকর্তারা জানান, তাদের প্রায় ৬৪ হাজার গ্রাহক বিদ্যুত পাচ্ছেন না। ডোমিনিয়ন পাওয়ার কোম্পানি বলেছে, তাদের প্রায় ২৯ হাজার গ্রাহক বিদ্যুৎবিহীন রয়েছেন। পেপকো জানায়, ওয়াশিংটন এবং পার্শ্ববর্তী প্রিন্স জর্জ কাউন্টি ও মেরিল্যান্ডে শিগগিরই বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে। তবে মন্টগোমেরি কাউন্টিতে বিদ্যুৎ দিতে দেরি হতে পারে। পেপকো আরও জানায়, তাদের কর্মীরা বিদ্যুৎ সরবরাহ করার জন্য আশ্রয় চেষ্টা চালিয়ে যাচ্ছেন। কিন্তু বরফের কারণে তা পারা যাচ্ছে না। সূত্র: এএফপি ও এপি।

এদিকে ওয়াশিংটন ডিসির মেয়র এবং ভার্জিনিয়া ম্যারিল্যান্ড ও ডেলওয়ারের গভর্নররা তাদের অঙ্গরাজ্যে জরুরি অবস্থা ঘোষণা করেছেন। ওয়াশিংটনের মেয়র এডিভ্যাল কেন্টি জানান, ওয়াশিংটনের বিভিন্ন রাস্তা থেকে বরফ সরানোর জন্য ৭শ' ৫০ জনের একটি দল কাজ করছে। এছাড়াও প্রতিটি অঙ্গরাজ্যে ন্যাশনাল গার্ড ও স্বেচ্ছাসেবক দল রাস্তা থেকে বরফ সরানোর কাজে নিয়োজিত রয়েছে। ওয়াশিংটন বাল্টিমোরের ৩টি বিমানবন্দর এবং ফিলাডেলফিয়ার আন্তর্জাতিক বিমানবন্দর থেকে সব বিমান চলাচল বন্ধ করে দেয়া হয়েছে। যুক্তরাষ্ট্রের বেলসার্ভিস 'এমটার্ক' নিউইয়র্ক ও ওয়াশিংটনের মধ্যকার এবং ওয়াশিংটন থেকে দেশের দক্ষিণাঞ্চলের যাত্রা বাতিল করেছে। মার্কিন বাস সার্ভিস 'গ্রিহাউন্ড' তাদের সব ধরনের বাস বন্ধ ঘোষণা করে। স্বাভাবিক সময়ের ব্যচ্চ সড়কগুলোতে যান চলাচল প্রায় বন্ধ হয়ে গেছে। ক্রমাগত প্রবল তুষার পাতের ফলে অনেক বাসার মূল দরজা বরফে আটকে গেছে। অনেকের গাড়ি পুরু বরফের নিচে চাপা পড়ায় জরুরি প্রয়োজনেও তারা ঘর থেকে বের হতে পারছে না। ঝড় কবলিত পূর্বাঞ্চলের জনগণ আগামী ৫ দিনের খাদ্যসামগ্রী ও প্রয়োজনীয় রসদপত্র নিয়ে ঘরে আশ্রয় নিয়েছে। কিন্তু বিদ্যুতের সরবরাহ না থাকায় তাদের থাকতে হচ্ছে অন্ধকারে। মেরিল্যান্ডের বিদ্যুৎ উৎপাদন ও সরবরাহ সংস্থা জানিয়েছে সেখানে লক্ষাধিক পরিবার বিদ্যুৎবিহীন অবস্থার মধ্যে রয়েছে।